

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
সংশোধনী প্রজ্ঞাপন

তারিখ, ২১ জানুয়ারি, ২০১৪ খ্রিস্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০৫.১২-২১—যেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী 'ক' তফসিলে বর্ণিত প্রত্যর্পণযোগ্য অর্পিত সম্পত্তির মৌজা ভিত্তিক উপজেলা ও জেলাওয়ারী তালিকা প্রস্তুত করিয়া সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করা হইয়াছে এবং যেহেতু প্রকাশিত তালিকায় অনিবার্য কারণে কতিপয় ভুলত্রুটি রহিয়াছে ও কতিপয় সম্পত্তির অন্তর্ভুক্তি বাদ পড়িয়াছে;

সেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (সংশোধন) আইন, ২০১৩ এর ধারা-৪ অনুযায়ী সন্নিবেশিত অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১ক) এর বিধান অনুযায়ী বরিশাল জেলার উজিরপুর উপজেলার মৌজা ভিত্তিক 'ক-তফসিলভুক্ত' অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা সরকার কর্তৃক গেজেটে প্রকাশ করা হইল। ইহা ইতিপূর্বে প্রকাশিত সংশ্লিষ্ট জেলার, উপজেলার ও মৌজার 'ক- তফসিলের' সংশোধনী তালিকা হিসাবে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ হাবিবুল কবির চৌধুরী
উপসচিব।

(১১২৯)

মূল্য : টাকা ৪.০০

অর্পিত সম্পত্তির তালিকা

‘ক’ তফসিল

(অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (সংশোধন ২০১৩) এর ধারা ৯এর উপ-ধারা (১ক) অনুযায়ী প্রকাশিত)

‘ক’ তফসিলভুক্ত অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা

জেলা : বরিশাল

উপজেলা : উজিরপুর

ক্র: নং	গেজেটের পৃষ্ঠা নং	তারিখ	সংশোধনী
১	২	৩	৪
০১	৪২৩৯	২২/৩/২০১২	গেজেটের ২৫৫ নং ক্রমিকে ১০৫/৭৮ নং কেসে ১০৯ নং দাগের স্থলে ২০৯ নং দাগ হবে এবং ০.৪৯ একর জমির স্থলে ০.৬২ একর জমি হবে।
০২	৪২০৪	২২/৩/২০১২	গেজেটের ১১৯ নং ক্রমিকের ৮/৭৮ নং কেসের ২২৭ নং খতিয়ানের ০.২৯ একর জমির স্থলে ০.২২৭৫ একর জমি হবে। ৬৫০ নং খতিয়ানে ০.৬২ একর সম্পত্তির স্থলে ০.৮৫ একর জমি হবে।
০৩	৪২৪৯	২২/৩/২০১২	গেজেটের ৩১৯ নং ক্রমিকের ০.৪৮ একর জমির স্থলে ০.৩৪ একর জমি হবে।
০৪	৪২১২ ২২/৩/২০১২	২২/৩/২০১২	গেজেটের ১৪২ নং ক্রমিকে ৬০৮ নং খতিয়ানে ৩২৪৯ নং দাগের স্থলে ৩২৪১ নং দাগ হবে।
০৫	৪২৬০ ২২/৩/২০১২	২২/৩/২০১২	গেজেটের ৩৬৫ নং ক্রমিকের ইন্দ্রনাথ এর স্থলে জিতেন্দ্রনাথ এবং ৩১৭ নং খতিয়ানের স্থলে ৩১১ নং খতিয়ান হবে।
০৬	৪২৫৭ ২২/৩/২০১২	২২/৩/২০১২	গেজেটের ৩৫৬ নং ক্রমিকের ১১১ নং খতিয়ানের স্থলে ১১৯ নং খতিয়ান হবে।
০৭	৪২৪৫ ২২/৩/২০১২	২২/৩/২০১২	গেজেটের ২৯১ নং ক্রমিকের দাগের কলাম থেকে ৩৩৪ নং দাগ বাদ যাবে।

মোঃ নজরুল ইসলাম (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd